

বিশ্ব টেলিযোগাযোগ দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

১৭ মে ২০০৪

একশত ষাট বছর আগে আগামী সপ্তাহের এই দিনে স্যামুয়েল মরস সাধারণ ধারাবাহিক বিন্দু ও সংক্ষিপ্ত রেখা ব্যবহার করে টেলিগ্রাফের মাধ্যমে প্রথম বার্তা পাঠান। সেই থেকেই টেলিযোগাযোগ যুগের সূচনা হয়। বছর দশেকের মধ্যে টেলিগ্রাফ জনসেবার দৈনন্দিন বিষয়ে পরিণত হয়।

টেলিভিশন, রেডিও থেকে শুরু করে মোবাইল ফোন ও ইন্টারনেটের মত প্রযুক্তিগতভাবে উন্নত তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ছাড়া অনেক মানুষই আজকের দিনে তাদের দৈনন্দিন জীবন কল্পনা করতে পারে না। তবু বিশ্বের দরিদ্রতম দেশগুলোতে লক্ষ লক্ষ মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধা বঞ্চিত হয়ে "প্রযুক্তিগত বিভক্তির শিকার।

এ বছরের বিশ্ব টেলিযোগাযোগ দিবসের প্রতিপাদ্য বিষয় -তথ্য ও যোগাযোগ প্রযুক্তি টেকসই উন্নয়নে পথনির্দেশক- আমাদের অর্থনৈতিক অগ্রগতি অর্জনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করিয়ে দেয়। স্থানীয় সম্প্রদায়গুলো ক্রয়ক্ষমতার মধ্যে প্রযুক্তি ব্যবহার করতে পারলে সামাজিক ও বস্তুগত উভয়ক্ষেত্রেই কার্যকর পরিবর্তন আনতে পারবে। ২০০০ সালের জাতিসংঘ সহস্রাব্দ সম্মেলনে সরকার ও রাষ্ট্রপ্রধানদের ঐক্যমতে গৃহীত পরিবেশ সংরক্ষণ, ক্ষুধাকে পরাজিত করা ও অন্যান্য সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহকে অর্জনের জন্য তথ্য ও প্রযুক্তিগত জ্ঞান একান্ত আবশ্যিক। কিন্তু এ সম্ভাবনাকে কাজে লাগাতে হলে সরকার, বেসরকারী ক্ষেত্র, সুশীল সমাজ এবং জাতিসংঘ ব্যবস্থার মধ্যে উন্নয়নের জন্য বিশ্ব অংশীদারিত্ব জোরদার করা প্রয়োজন।

গত ডিসেম্বর মাসে জেনেভায় তথ্য সমাজ বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের প্রথম পর্যায়ে নেতাগণ ভৌত অবকাঠামো ও বিষয়বস্তুগত প্রযুক্তিগত বিভাজন দূরীভূত করণের উপায় সম্পর্কে ঐক্যমতে পৌঁছেছেন।

এ ধরনের সম্মেলন এটাই প্রথম এবং আমি এ সম্মেলনে যেসকল অভিনব উদ্যোগের কথা বলা হয়েছিল এবং বিশ্বের বহু মানুষের অসুবিধা দূর করতে যে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করা হয়েছিল তাতে খুবই উৎসাহিত হয়েছিলাম।

আমরা আগামী বছরের সম্মেলনের তিউনিস পর্যায়ের জন্য প্রস্তুতি গ্রহণ করছি এবং আমি সদস্য রাষ্ট্রসহ অন্য সকল সংশ্লিষ্ট পক্ষকে তাদের অঙ্গীকারে দৃঢ় থাকার আহ্বান জানাচ্ছি। আসুন বিশ্ব টেলিযোগাযোগ দিবসে আমরা সকলের জন্য সত্যিকারের একটি উন্মুক্ত উন্নত টেলিযোগাযোগ যুগের পথ প্রস্তুত করতে সম্ভব সব কিছু করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হই।

** **